মহিলা পরিচালিত ভোটকেন্দ্র করার উদ্যোগ জেলা প্রশাসনের

নিজস্ব প্রতিবেদন, মালদা: বিধানসভা নির্বাচনে ভোট কর্মীর সংকট মেটাতে, সব বুথেই এবার মহিলা কর্মীদের দিয়ে ভোট পরিচালনা করার পরিকল্পনা নিতে চলেছে ইংরেজবাজার বিধানসভার জেলা প্রশাসন। ইংরেজবাজার বিধা[illegible] কেন্দ্রের অন্তর্গত শহর ও [illegible] এলাকায় মিলিয়ে মোট [illegible] কেন্দ্রের সংখ্যা ২৬৬টি। [illegible] করোনা আবহের মধ্যে [illegible] হবে। সেই কারণে এক হা[illegible] বেশি ভোটার একটি বুথে [illegible] না। এমনই নির্দেশ দিয়েছে [illegible]চন কমিশন। ফলে, ইংরেজবাজার বিধানসভা কেন্দ্রে শহর ও গ্রামীণ এলাকায় ভোট কেন্দ্রের সংখ্যা বেড়ে দাঁড়াবে প্রায় ৩৫০টি।

জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, মালদা জেলায় ১৩৪৬টি ভোট কেন্দ্র বাড়ানো হচ্ছে। জেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ২৮৮৪টি। এর মধ্যে এক হাজারেরও বেশি ভোটার রয়েছে ১৫৪০টি কেন্দ্রে। সেই ভোট কেন্দ্র বেড়ে দাঁড়াবে ৪২৩০টি। ভোটকেন্দ্রের বৃদ্ধির সঙ্গে সঙ্গে বেড়েছে ভোট কর্মীর সংখ্যা। সব মিলিয়ে জেলায় ভোট কর্মী প্রয়োজন দাঁড়িয়েছে ১২ হাজারের ওপর। জেলা নির্বাচন দপ্তরের এক আধিকারিক জানিয়েছেন, রাজ্য ও কেন্দ্রের সব দপ্তর থেকে কর্মীদের তালিকা নিয়ে রেখেছি আমরা। এবারের নির্বাচনে কোনও অজুহাত দিয়ে ভোট কর্মীদের নাম কাটানোর প্রবণতা মানা হবে না। রাজনৈতিক দলগুলোকে এমন বার্তা দিয়ে রেখেছে জেলা প্রশাসন। নির্বাচনের সময় বিভিন্ন রাজনৈতিক দলগুলো নিজেদের দলের কর্মীদের ভোট কর্মী হিসাবে নাম বাতিলের জন্য হুড়োহুড়ি পড়ে যায়। সেটি এবারে মানা হবে না। তার কারণে প্রথম থেকে কঠোর পদক্ষেপ নেবে জেলা প্রশাসন।

এর ফলে নির্বাচনে মহিলা কর্মীদের বেশি করে কাজে লাগানোর জন্য মহিলা পরিচালিত ভোট কেন্দ্র করার উদ্যোগ নিয়েছে জেলা প্রশাসন। ইংরেজবাজার পুরসভা এলাকা থেকে ১৫০টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ পর্বের জন্য দায়িত্ব দেওয়া হচ্ছে মহিলা কর্মীদের। সেক্ষেত্রে প্রিসাইডিং অফিসার থেকে শুরু করে সাধারণ মহিলা ভোট কর্মী ছাড়াও নিরাপত্তারক্ষীরাও থাকবেন মহিলারাই। এই প্রসঙ্গে অতিরিক্ত জেলা শাসক বৈভব চৌধুরী বলেন, ‘ইংরেজবাজার শহরের বেশি সংখ্যায় মহিলা কর্মীদের দিয়ে ভোট করানোর ওপর জোর দেওয়া হয়েছে। ভোটের দিন এই বুথগুলোতে মূলত মহিলারাই সঞ্চালন করবেন। এমন ১৫০টি বুথ বেছে নিয়েছি। এইজন্য মহিলা ভোটার কর্মীদের পর্যাপ্ত নিরাপত্তা দেওয়া থাকবে।

পুকুর ভরাটের অভিযোগ উঠল প্রাক্তন মন্ত্রীর ভাইপোর বিরুদ্ধে

মালদা

নিজস্ব প্রতিবেদন, মালদা: ছিল রুমাল, হয়ে গেল বিড়াল! একসময় নাকি আমবাগান ছিল। এখন সেটাই নাকি হয়ে গিয়েছে পুকুর! আর সেই পুকুরের জল পাম্পের মাধ্যমে নিকাশি করে মাটি ভরাট করার কাজ করা হচ্ছে। তবে এটা নাকি বেআইনি নয়! এমনই দাবি করেছেন মালদার প্রাক্তন মন্ত্রী কৃষ্ণেন্দু চৌধুরীর ভাইপো অরুণেন্দ্রনারায়ণ চৌধুরী। আর এই ঘটনাকে ঘিরেই মালদা শহর বড়োসাকো এলাকার অধিকাংশ বাসিন্দাদের মধ্যে অসন্তোষ ছড়িয়েছে। যত্রতত্র যেভাবে জলাজমি ভরাটের কাজ চলছে, তা নিয়ে এলাকার প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে বসেছে বলে অভিযোগ স্থানীয়দের। ফলে, বর্ষার মরশুমে ওই এলাকার জলমগ্ন হয়ে থাকছে বলেও স্থানীয় বাসিন্দাদের অভিযোগ। এমনকী, ওই এলাকার জাতীয় সড়ক সংলগ্ন কালভার্ট থেকে শুরু করে রেললাইনের ধারের জলাজমি, পুকুর এলাকাগুলোতে বেআইনিভাবে ভরাটের অভিযোগ উঠেছে। যদিও এব্যাপারে প্রাক্তন মন্ত্রীর ভাইপোর সাফ কথা, ‘আমাদের রায়তি সম্পত্তি। এটি কাগজে বাগান উল্লেখ রয়েছে। পুকুর নেই। তাই সেখানে জলা জমি ভরাট করার কোনও প্রশ্নই আসে না।’ তবে মাটি ভরাট প্রসঙ্গ এড়িয়ে গিয়েছেন তিনি। এব্যাপারে ইংরেজবাজার ব্লক ভূমি ও ভূমি রাজস্ব দপ্তর আধিকারিক অন্যন্যা দত্ত জানিয়েছেন, বেআইনি জলাজমি, পুকুর ভরাটের বিরুদ্ধে নির্দিষ্ট কোনও অভিযোগ পেলেই তা খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে।

মালদা শহরের গাবগাছি এলাকায় রয়েছে গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়ের সামনে চলে রয়েছে ৩৪ নম্বর জাতীয় সড়ক। ওই এলাকার জাতীয় সড়কের ধারে এখন দেদার ভাবে জলাভূমি, পুকুর বুজিয়ে মাটি ভরাটের কাজ করার অভিযোগ উঠেছে জমির মাফিয়াদের বিরুদ্ধে। দিন থেকে রাত পর্যন্ত কয়েকশ মাটি ভর্তি ট্রাক্টর চলছে ওই এলাকায়। ট্রাক্টরে করেই বাইরে থেকে [illegible] নিয়ে এসে ওই এলাকার জলাজমিগুলো ভরাট করছে জমি মাফিয়ারা বলে অভিযোগ। এরকম পরিস্থিতি চলতে থাকলে, শহরের নিকাশি ব্যবস্থা যে একেবারে মুখ থুবরে পড়বে তা নিয়ে বিভিন্ন মহলে ক্ষোভ ছড়িয়েছে।

গৌড়বঙ্গ হিউম্যান রাইটস অ্যাওয়ারনেস সেন্টারের সম্পাদক মৃত্যুঞ্জয় দাস বলেন, ‘স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বেআইনি জলাজমি ভরাটের বিরুদ্ধে সব সময় রুখে দাঁড়িয়েছেন। মালদায় এর আগেও তিনি প্রশাসনের কর্তাদের সতর্ক করে দিয়ে গিয়েছিলেন। কিন্তু তারপরও যেভাবে মালদা শহরের যদুপুর ১ গ্রাম পঞ্চায়েত সংলগ্ন এলাকায় বেআইনিভাবে জলাজমি, পুকুর ভরাটের কাজ চলছে, তাতে শহরের প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে বসেছে। সামান্য বৃষ্টিতেই মানুষকে জলমগ্ন হয়ে থাকতে হচ্ছে। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। অবিলম্বে প্রশাসনকে এব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া প্রয়োজন।’

নাটকের নতুন উদ্যোগ শুরু বসিরহাটের নাট্য বিদ্যালয়ে

নাটক নিয়ে চলছে আলোচনা সভা।

নিজস্ব প্রতিবেদন, বসিরহাট: নতুন প্রজন্ম ক্রমশই মোবাইল ও নেট দুনিয়ায় আসক্ত হয়ে পড়ছে। অনেক ক্ষেত্রেই তাদের শারীরিক ও মানসিক বিকাশ বাধাপ্রাপ্ত হচ্ছে। তার থেকে মুক্তির লক্ষ্যে এবার বসিরহাটে নাট্যচর্চার মাধ্যমে শুরু হল এক নতুন প্রায়াস। শিশুদের জন্য নাট্য বিদ্যালয়ের সূচনা করা হয়েছে। প্রাপ্ত বয়স্কদের জন্য এরাজ্যে ও রাজ্যের বাইরে হাতে গোনা কয়েকটি বিদ্যালয় থাকলেও শিশুদের জন্য নাট্যচর্চার তেমন কোনও বিদ্যালয় নেই। কিছু থিয়েটার সংস্থা শিশুদের নিয়ে কাজ করে। সেক্ষেত্রে তারাই প্রয়োজন মতো কর্মশালার মাধ্যমে শিশুদের তৈরি করে নেয়। সেক্ষেত্রে বিনা ব্যায়ে এই ধরনের বিদ্যালয় সংস্কৃতি চর্চার নতুন আলোর পথের দিশা দেখাতে পারে। চক্রবাক নাট্যগোষ্ঠীর উদ্যোগে মঙ্গলবার একটি অনুষ্ঠানের মাধ্যমে বসিরহাট পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের সাঁইপালা মুন্সির বাগানে নাট্য বিদ্যালয়ের সূচনা হল।

ভারতের প্রাচীন সংস্কৃতির একটি বিশেষ জায়গা জুড়ে ছিল নাটক। তার একটা নিজস্ব ঘরানা ছিল। যার মাধ্যমে মানুষের সম্মুখে এক আর্থ-সামাজিক ভাবধারা ফুটে উঠত। কিন্তু একবিংশ শতাব্দীতে এসে মানুষ হয়ে উঠেছে গ্যাজেট নির্ভর। বিজ্ঞানের কল্যাণে প্রতিদিন বিভিন্ন ধরনের গ্যাজেট উন্নত থেকে উন্নততর হয়ে চলেছে। আর তা নিয়েই ব্যস্ত হয়ে পড়ছে যুব সমাজ। সেকারণে তারা সমাজ ও সামাজিকতার মূল স্রোত থেকে বিচ্ছিন্ন হচ্ছে। তাদেরকে সমাজের মূল স্রোতে ফিরিয়ে এনে সংস্কৃতি মনস্ক করে তুলতেই এই উদ্যোগ বলে দাবি উদ্যোক্তাদের। চক্রবাক নাট্যগোষ্ঠীর উদ্যোগে এদিন বাংলার প্রাচীন কৃষ্টি নাটক বিষয়ে একটি বিশেষ আলোচনা সভা হয়। এই আলোচনা সভায় বক্তৃতা রাখেন নাট্য প্রেমী অনিল ঘোষ, অরবিন্দ সরকার, মণীশ ভট্টাচার্য-সহ বিশিষ্ট ব্যক্তিত্বরা। তাঁদের বক্তব্যে উঠে আসে কীভাবে যুব সমাজকে নাট্য মনস্ক করে তোলা যায় ও তা দিয়ে কীভাবে মানুষের দৃষ্টিভঙ্গি পাল্টানো সম্ভব হয় ইত্যাদি। এছাড়াও মোবাইল ও সোশ্যাল মিডিয়ার আসক্তি থেকে দূরে রাখতে বিনামূল্যে নাট্য বিদ্যালয়ের সূচনা

সংশোধনী

গত ০২.০২.২০২১ -তে প্রকাশিত এনপিআর ফিনান্স লিমিটেড -এর বিজ্ঞপ্তিতে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫ ধারা ৪৬ অনুযায়ী বিজ্ঞপ্তিটি কোম্পানির যে ওয়েবসাইটে Link -এ প্রদর্শিত আছে তা http://www.nprfinance.com/filecontent/Notice%20to%20Es.pdf -এর পরিবর্তে “http://www.nprfinance.com/filecontent/Notice%20to%20SEs.pdf” পড়তে হবে। ভুল প্রকাশের জন্য দুঃখিত।

সোমা টেক্সটাইল অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিঃ অফিস : ২, রেড ক্রস প্লে[illegible] কলকাতা-৭০০০০১
ফোন নং: ০৩৩-২২৪৮৭[illegible]
ই-মেল: investors@so[illegible]om
ওয়েবসাইট: www.s[illegible]s.com
CIN: L51909W[illegible]010070

বিজ্ঞপ্তি

২০১৫ সালের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন ২৯(১)-এর সঙ্গে পঠিত রেগুলেশন ৪৭(১) অনুযায়ী এতদ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের একটি সভা শনিবার ১৩ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে তার ফ্যাক্টরি অফিস- রাখিয়াল রোড, আহমেদাবাদে ভিডিও কনফারেন্সিং (“ভিসি”)/আদার অডিও ভিস্যুয়াল মিনস (“ওএভিএম”) মাধ্যমে দুপুর ২.৩০টায় যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য কোম্পানির অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন ও নথিভুক্ত করার উদ্দেশ্যে।

আরও, কোম্পানি প্রণীত কোড অফ কন্ডাক্টের সঙ্গে পঠিত সেবি (প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং) রেগুলেশন, ২০১৫ অধীন ট্রেডিং উইন্ডো কোম্পানির সমস্ত মনোনীত ব্যক্তিদের এবং তাদের পরিজনদের জন্য প্রত্যেক কোয়ার্টারের শেষ থেকে ৩১ ডিসেম্বর, ২০২০-তে সমস্ত কোয়ার্টারের আর্থিক ফলাফল ঘোষণার পরে ৪৮ ঘণ্টা পর্যন্ত বন্ধ থাকবে। তদনুসারে কোম্পানির শেয়ারে ডিলিং-এর জন্য ট্রেডিং উইন্ডো বন্ধের সময়কাল ১ জানুয়ারি, ২০২১ তারিখ থেকে ইতিমধ্যেই চালু ও কার্যকর রয়েছে।

তথ্যটি আরও পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.somatextiles.com এবং স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইট www.bseindia.com এবং www.nseindia.com -তে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত আছে।

সোমা টেক্সটাইল অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ-এর পক্ষে
স্বা/-
স্থান: কলকাতা (এ. কে. মিশ্র)
তারিখ: ০২.০২.২০২১ কোম্পানি সেক্রেটারি

KCI

কানোরিয়া কেমিক্যালস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিস্টার্ড অফিস : “কেসিআই হাউস” ২৪সি, আচার্য্য জেগদীশ চন্দ্র বোস রোড, কলকাতা- ৭০০০১৯
ওয়েবসাইট : www.kanoriachem.com ই-মেল : investor@kanoriachem.com
টেলি নং ০৩৩-৪০৩১৫২০০ CIN: L24110WB1960PLC024910

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -র রেগুলেশন ৪৭ -এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা শুক্রবার, ১২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে যেখানে অন্যান্য সর্বশিষ্ঠ মধ্যে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য কোম্পানির অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফল বিবেচনা এবং অনুমোদন করা হবে।

এই তথ্যটি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.kanoriachem.com -তে এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং www.nseindia.com -তেও পাওয়া যাবে।

কানোরিয়া কেমিক্যালস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
এন. কে. শেটিয়া
কোম্পানি সেক্রেটারি
স্থান: কলকাতা
তারিখ: ২ ফেব্রুয়ারি, ২০২১

বিড়লা টায়ারস লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৯/১, আর.এন. মুখার্জি রোড, ৪র্থ তল, বিড়লা বিল্ডিং, কলকাতা-৭০০০০১
CIN: L25203WB2018PLC228015
ফোন: ০৩৩-২২৩২ ৪৪৪৪
ওয়েবসাইট: www.birlatyre.com; ইমেল : corporate@birlatyre.com

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞপিত করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা বৃহস্পতিবার, ১১ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা এবং অনুমোদন করা হবে।

বিড়লা টায়ারস লিমিটেড -এর পক্ষে
(স্বা/-)
তারিখ: ২ ফেব্রুয়ারি, ২০২১ গৌরব বগ্গী
স্থান: কলকাতা কোম্পানি সেক্রেটারি

KCI

কানোরিয়া কেমিক্যালস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিস্টার্ড অফিস : “কেসিআই হাউস” ২৪সি, আচার্য্য জেগদীশ চন্দ্র বোস রোড, কলকাতা- ৭০০০১৯
ওয়েবসাইট : www.kanoriachem.com ই-মেল : investor@kanoriachem.com
টেলি নং ০৩৩-৪০৩১৫২০০ CIN: L24110WB1960PLC024910

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -র রেগুলেশন ৪৭ -এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা শুক্রবার, ১২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে যেখানে অন্যান্য সর্বশিষ্ঠ মধ্যে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য কোম্পানির অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফল বিবেচনা এবং অনুমোদন করা হবে।

এই তথ্যটি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.kanoriachem.com -তে এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং www.nseindia.com -তেও পাওয়া যাবে।

কানোরিয়া কেমিক্যালস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
এন. কে. শেটিয়া
কোম্পানি সেক্রেটারি
স্থান: কলকাতা
তারিখ: ২ ফেব্রুয়ারি, ২০২১

সস্তাসুন্দর ভেঞ্চারস লিমিটেড

CIN: L65993WB1989PLC047002
রেজিস্টার্ড অফিস: আজিমগঞ্জ হাউস, ৩য় তল, ৭ অবনীন্দ্র নাথ ঠাকুর সরণি (পূর্বতন ক্যামাক স্ট্রিট), কলকাতা-৭০০০১৭
দূরভাষ: (০৩৩) ২২৮২ ৯৩৩০, ফ্যাক্স: (০৩৩) ২২৮২ ৯৩৩৫
ই-মেল: investors@sastasundar.com ওয়েবসাইট: www.sastasundarventures.com

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ -র রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা ১২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ শুক্রবার অনুষ্ঠিত হবে, অন্যান্য বিষয়ের মধ্যে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য কোম্পানির অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন ও কনসোলিডেটেড আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদনের জন্য।

উক্ত নোটিস কোম্পানির ওয়েবসাইট *www.sastasundarventures.com* এবং স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইট *www.bseindia.com* ও *www.nseindia.com* যথায় কোম্পানির শেয়ার তালিকাভুক্ত, তথায় পাওয়া যাবে।

পর্ষদের আদেশানুসারে
সস্তাসুন্দর ভেঞ্চারস লিমিটেড-এর পক্ষে
প্রতাপ সিং
স্থান: কলকাতা কোম্পানি সেক্রেটারি
তারিখ: ০২.০২.২০২১ সভ্য নং- ACS 24081

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

বিক্রয়ের বিজ্ঞপ্তি
সারফেইসি অ্যাক্ট, ২০০২ (২০০২ -এর নং ৫৪) অধীন ব্যাঙ্কে বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি/সমূহের বিক্রয়

জোনাল অফিস : আসানসোল, উদয়রেজ ভবন, ৮, জি. টি. রোড (পশ্চিম), আসানসোল - ৭১৩ ৩০৪

যেহেতু, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ -এর ধারা ১৩(২) অনুসারে ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক) -এর অনুমোদিত অফিসার নিম্নবর্ণিত সম্পত্তিগুলির দখল নিয়েছেন যা নিম্নবর্ণিত দেনা একাউন্ট সংশ্লিষ্ট এবং সেগুলি "সেখানে যা আছে, যে অবস্থায় আছে" ভিত্তিতে ব্যাঙ্কের বকেয়া অংকের সুদ আদায় এবং পরবর্তীতে তা খেলাপের ফলে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ধারা ১৩(৪) -এর ব্যবস্থাসমূহে এই সম্পত্তিসমূহ বিক্রয় করার মাধ্যমে ব্যাঙ্কের পাওনা আদায়ের জন্য বিক্রয়ের ব্যবস্থা করেছেন। **ই-অকশন প্লাটফর্ম যা "https://www.mstcecommerce.com" ওয়েবসাইটে উল্লেখিত আছে এবং বিক্রয় অনুষ্ঠিত হবে নিম্নস্বাক্ষরকারী দ্বারা, ১৮.০২.২০২১ তারিখ বেলা ১১.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত।**

ক্র. নং	ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতা/জামিনদারের নাম খ) শাখা	স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	ক) দুরুহিত ক্রেডিটের বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের তারিখ	ক) সংরক্ষিত মূল্য খ) বায়না জমা রাশি গ) বিড বর্ধিতকরণ অর্থাঙ্ক ঘ) সম্পত্তির উপর দায়
১.	ক) ১. মেসার্স গোস্বামী এন্টারপ্রাইজ ২. স্বত্বাধিকারী - শ্রী অভিজিৎ গোস্বামী পিতা শ্রী গৌর গোপাল গোস্বামী ১, মহিশিলা কলোনী, আসানসোল, বর্ধমান- ৭১৩৩০৪ ৩. জামিনদার : শ্রী গৌর গোপাল গোস্বামী, পিতা মৃত রঞ্জন নাথ গোস্বামী ১, মহিশিলা কলোনী, রেয়েল হাই স্কুল মাঠের নিকটে, আসানসোল, বর্ধমান- ৭১৩৩০৪ শ্রীমতী গিরি গোস্বামী, ১, মহিশিলা কলোনী, রেয়েল হাই স্কুল মাঠের নিকটে, আসানসোল, বর্ধমান- ৭১৩৩০৪ খ) আসানসোল আপনার গার্ডেন শাখা	আবাসিক জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল তাবৎ ভাগ উপর কনস্ট্রাকশন, যা অবস্থিত আছে মৌজা- মহিশিলা, জে.এল নং ৩৭, এল.আর খতিয়ান নং ৮২২, আর.এস.ডি নং ১১৮৬/২৯০১, জমির আয়তন ৬ কাঠা, (সেল ডিড অনুযায়ী) টাইটেল ডিড নং আই-৩৩৭১ তারিখ ০৫/০৬/২০০২ যা রেজিস্ট্রিকৃত আছে এডিএসআর আসানসোল অফিসে। **সম্পত্তি আছে শ্রী অভিজিৎ গোস্বামীর নামে**, পিতা শ্রী গৌর গোপাল গোস্বামী, **সম্পত্তির চারিদিকের পরিমাপ :** উত্তরে - জনৈক কর্মকারের সম্পত্তি, দক্ষিণে- শর্মিষ্ঠা সাহা-র সম্পত্তি, পূর্বে- রাস্তা, পশ্চিমে- শ্যামল মহুলদারের সম্পত্তি।	ক) ১,২৯,২১,০০৪.০০ টাকা (৩১.০৪.২০১৯ তারিখের হিসাবমত) খ) ০২.০৪.২০১৯ গ) ১৭.০৯.২০১৯	ক) ২২,০০,০০০/- টাকা খ) ২,২০,০০০/- টাকা গ) ১০,০০০/- টাকা ঘ) আমাদের জানা নেই

অন্য যে কোনও বিষয়বস্তু যা অনুমোদিত আধিকারিক মনে করেন ক্রেতার পক্ষে সম্পত্তিটির বর্ণন ও মূল্য নির্ধারণের জন্য প্রয়োজনীয়, যে সম্পত্তিগুলি প্রস্তুত করা হয়েছে এবং যার ই-অকশনের ব্যবস্থা করা হয়েছে : কিছু নেই

ইন্ডিয়ান ব্যাঙ্কে (পূর্ববর্তী এলাহাবাদ ব্যাঙ্কে), আসানসোল শাখা, ৩৫৭ এবং ৩৫৮, জি টি রোড, আসানসোল, জেলা , পশ্চিম বর্ধমান, পিন -৭১৩ ৩০১, মোঃ ৯৪৩৭০৩৯৭৪০ -তে প্রসেস কনস্ট্রাকশন ফর্ম এবং ইএমডি জমা দেওয়ার তারিখ এবং সময় ১৭.০২.২০২১ বিকাল ৪.০০ টা পর্যন্ত

ই-নিলামের তারিখ ও সময় ১৮.০২.২০২১ সকাল ১১.০০টা থেকে বিকাল ৪.০০টা "https://www.mstcecommerce.com" (পরিষেবা সরবরাহকারীর প্লাটফর্ম) তে

নিয়ম ও শর্তাবলী

১. উপরোক্ত হিসাবে যথাযথ আকারে মানি ডিপোজিট (ইএমডি) পরিমাণ অর্থ "দ্য অথরাইজড অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্কে (পূর্ববর্তী এলাহাবাদ ব্যাঙ্কে)" এর পক্ষে তালিকা বর্ণিত বাণিজ্যিক ব্যাঙ্কে কর্তৃক প্রদত্ত ব্যাঙ্কার চেক / ডিমান্ড ড্রাফ্টের মাধ্যমে প্রদান করতে হবে। অন্য কোনও মোড যেমন চেক / নগদ দ্বারা ইএমডি জমানের অর্থ গ্রহণ করা হবেনা। অপ্রদানহারদের, প্রয়োজনীয় ইএমডি জমা না দিয়ে ই-নিলামে অংশ নিতে দেওয়া হবে না। জমা হওয়া অফার মানি কোনও সুদ বহন করবে না।

২. ই-নিলাম এ অংশগ্রহণ করতে আগ্রহীদের / প্রসেস কনস্ট্রাকশন ফর্ম, অন্যান্য কেওয়াইসি ডকুমেন্ট যথা ড্রাইভিং লাইসেন্স / ব্যাঙ্কারের চেকের সাথে উপরে উল্লিখিত আরটিজিএস / এনইএফটি বিবরণের অনুমোদিত অফিসারের কাছে একটি লিখিত আবেদন জমা দিতে হবে উপরে উল্লিখিত সময়সূচী অনুযায়ী। বাকীটা উপর লিখতে হবে "ই নিলাম এ/সি ৪০২৮৪৯০১৭৭৮ -এ অংশ নেওয়ার জন্য আবেদন"।

৩. সফল দরদাতাকে ইএমডি জমা পরিমাণ অর্থ বাদ দিয়ে বিক্রয় মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) জমা দিতে হবে পরবর্তী কার্যদিবসের মধ্যে এবং বাকী পরিমাণ অর্থ নিলামের তারিখ থেকে সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে প্রদান করতে হবে "দ্য অথরাইজড অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্কে (পূর্ববর্তী এলাহাবাদ ব্যাঙ্কে)" -এর পক্ষে "এ/সি ৪০২৮৪৯০১৭৭৮" -এর অনুকূলে প্রদত্ত অফলিন বর্ণিত বাণিজ্যিক ব্যাঙ্কে কর্তৃক ব্যাঙ্কার চেক / ডিমান্ড ড্রাফ্ট এর মাধ্যমে। উপরে নির্ধারিত সময়ের মধ্যে পরিমাণ মত অর্থ জমা দিতে ব্যর্থ হলে সফল দরদাতাকে দ্বারা জমা দেওয়া পরিমাণ অর্থ বাতিলের কারণে বাতিলযোগ্য করা হবে এবং অনুমোদিত অফিসার সম্পত্তিটির নতুন করে নিলাম / বিক্রয় পরিচালিত করার অধীনস্থ পাবে এবং খেলাপি দরদাতার বাজেয়প্ত পরিমাণ অর্থ এবং সম্পত্তির উপর কোনও দাবি থাকবে না।

৪. বিশেষবার ছিড়িতে সফল দরদাতা বিক্রয় আইনের ১৯৬১ এর ধারা ১৯৪ - ১৩ এর অধীনে টিডিএস বাবদ সংশ্লেষ এবং ব্যাঙ্কের বাকি ৭৫% জমা দেওয়ার সময় সফল দরদাতাকে টিডিএস জমা দিতে হবে।

৫. সম্পূর্ণ বিক্রয় বিবেচনা সাপেক্ষ পরে, অনুমোদিত কর্মকর্তা নিয়ম অনুযায়ী বিক্রয় শংসাপত্র জারি করবেন।

৬. বিক্রয় শংসাপত্রের নীচাংশ শুল্ক এবং নিবন্ধকরণ সম্পর্কিত সমস্ত ব্যয়, যদি থাকে তবে সফল দরদাতাকে বহন করতে হবে।

৭. কোনও কারণ না দেখিয়ে অনুমোদিত অফিসার / ব্যাঙ্কের যেকোনো বিড গ্রহণ বা বাতিল করার বা বিক্রয় স্থগিত / মুলতুবি / বাতিল করার সম্পূর্ণ অধিকার রয়েছে।

৮. বিক্রয় টি সিকিউরাইটাইজেশন এন্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ এর অধীন নিবন্ধিত নিয়ম / শর্তের সাপেক্ষে

৯. ই-নিলামের জন্য আগ্রহের ই নিলাম পরিষেবা সরবরাহকারী মেসার্স শফরাজান সিস্টেম লিমিটেড এর দ্বারা সরবরাহ করা হবে প্রাটফর্ম (https://www.mstcecommerce.com)-এ। ই-নিলাম পরিষেবার অংশ নিতে পরিষেবা সরবরাহকারীর ওয়েবসাইট https://www.mstcecommerce.com -তে ইউজার লগইনের / ক্রেতাদের যোগদান প্রয়োজন যদি প্রয়োজন হয় এই পরিষেবা সরবরাহকারী ই নিলাম সম্পর্কে প্রশিক্ষণ / প্রশিক্ষণও সরবরাহ করবে ক্রয়কারীদের যারা অনুমোদিত কর্তৃপক্ষের কাছে ইএমডি জমা দিয়েছেন।

১০. বিক্রয়ের সাধারণ নীতি ও শর্তাবলী সহ বিক্রয় বিজ্ঞপ্তিটি ওয়েবসাইট / ওয়েবপেজ পোর্টাল (১) https://www.indianbank.co.in (২) https://www.tenders.gov.in (৩) https://www.ibapi.in (৪) অথরাইজড অনুমোদিত ই-নিলাম পরিষেবা সরবরাহকারীর ওয়েবপেজ পোর্টাল (https://www.bankeauctionwizard.com) -তে উপলব্ধ / প্রকাশিত।

১১. ই-নিলামে ইচ্ছুক আগ্রহকারীরা নিবন্ধিত তালিকাভুক্ত করতে পারবেন, বিক্রয় নোটিশের অনুলিপি